
# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY
সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd


ISO 9001:2015 Certified




স্মারক নং-২৭.১২.০৯২৯.০৫৬.০১.০০৯.২৬. ৩৩১৫ তারিখঃ ২৫ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরির নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে (স্ব-হস্তে পূরণকৃত) নিম্নোক্ত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা (টি) | বয়সসীমা | বেতন ও অন্যান্য ভাতা | শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০৩ (তিন) | ০৯/০৯/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত) মোতাবেক ১৮,৩০০.০০ হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | (ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা, জিপিএ ৫ এর মধ্যে ন্যূনতম ২.০০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। শিক্ষা ক্ষেত্রে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>(খ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>(গ) ওয়ার্ড প্রসেসিং, এক্সেল ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>(ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজী ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভুক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনে দক্ষ/ সক্ষম হতে হবে।<br>(চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>(ছ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টিং ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | **ভোলা জেলা ও ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা/নাগরিক ব্যতিত অন্যান্য সকল জেলার স্থায়ী বাসিন্দা।** |

**শর্তাবলিঃ**

০১. উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণ-কে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (www.pbs.bhola.gov.bd) অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (www.reb.gov.bd) হতে A-4 সাইজের কাগজে (**ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১**) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ)। সংগ্রহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক যে-কোনো তফসিলী ব্যাংক হতে জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতঃ **আগামী ০৫/১০/২০২৬ খ্রি.** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা** এর ঠিকানায় প্রয়োজনীয় কাগজপত্রসহ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোনো আবেদন গ্রহনযোগ্য হবে না। এছাড়াও সাদা কাগজে লিখিত বা টাইপকৃত আবেদন পত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনও বাতিল বলে গণ্য হবে।

০২. **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ**
(ক) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত ফটোকপি। (মার্কশিট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)
(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।
(ঙ) ১০০.০০ (একশত) টাকা মূল্যমানের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট।
(চ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি।
(ছ) সকল ডকুমেন্টস ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩. বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়স প্রমানে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। ০৯/১০/২০২৬ খ্রি. তারিখে ডাটা এন্ট্রি অপারেটর পদে প্রার্থীর বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে।

০৪. অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদন পত্রটি যথাযথভাবে পূর্ণ করা না হলে বা আংশিক পূর্ণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গরমিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে **"প্রযোজ্য নয়"** উল্লেখ করতে হবে।

০৫. প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদন পত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে প্রার্থীতা বাতিল করা হবে।

০৬. প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **"অন-প্রবেশন"** হিসেবে নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিক ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭. অত্র সংস্থার এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর-দের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যেকোন সময়ে প্রার্থীতা বাতিল করা হবে।

০৮. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত স্মারক নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১; তারিখঃ ২৩/০৭/২০২৪ খ্রিঃ মোতাবেক সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি প্রযোজ্য হবে। ভোলা জেলা ও ভোলা পল্লী বিদুৎ সমিতির ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন না।

১১. অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা করে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিস্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মূহূর্ত পর্যন্ত বর্ণিত পদে বদলীর মাধ্যমে শূন্য পদ পূরণ হলে উক্ত পদে কোন জনবল নিয়োগ করা হবে না।

১৩. নিয়োগের ক্ষেত্রে আপন দুই বোন/ভাই আবেদন করলে এবং নিয়োগপ্রাপ্ত হওয়ার যোগ্যতা অর্জন করলে একজন নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে অপর বোন/ভাই নিয়োগপ্রাপ্ত হওয়ার যোগ্যতা হারাবেন।

১৪. লিখিত (MCQ)/লিখিত (রচনামূলক)/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

১৫. খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৬. যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।

১৭. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে হবে।

(শাহ্ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি এবং নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।**

০১। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ভোলা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (দক্ষিণাঞ্চল)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।**
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার------------------- পবিস-১/২/৩/৪।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন উপজেলা।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ভোলা।
০৮। ডিজিএম (সকল), ভোলা পবিস।
০৯। এজিএম (আইটি), ভোলা পবিস **(ভোলা পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)**
১০। অফিস কপি/ মাস্টার কপি/নোটিশ বোর্ড।

(শাহ্ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার

ISO 9001:2015 Certified

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর "ডাটা এন্ট্রি অপারেটর" পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)

**ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১**

এখানে পাসপোর্ট সাইজের এককপি রঙিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

**জেনারেল ম্যানেজার**
**ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি**
**বাংলাবাজার, ভোলা।**

| | |
|---|---|
| ১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- **স্মারক নং-** | তারিখঃ- ................. খ্রিঃ |
| ২. আবেদনকৃত পদের নামঃ.......................................<br>(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) | ৩. পদের ধরনঃ স্থায়ী ভিত্তিক। |
| ...................................................<br>৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম | ........................................................................<br>৫. প্রকাশনার তারিখ |
| ...........................................................<br>৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) | .......................................................<br>(ইংরেজিতে বড় হাতের অক্ষরে) |
| ..........................................................<br>৭. জন্ম তারিখ (এস.এস.সি / সমমানের পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) | .........../........../.................(দিন/মাস/বছর)<br>৮. বয়স (.......... খ্রিঃ তারিখে) |
| ...................................................<br>৯. মাতার নাম | .....................................................................<br>১০. পিতার নাম |
| ...................................................<br>১১. ধর্ম | ......................................................................<br>১২. জাতীয়তা |
| ...............................................<br>১৩. নিজ জেলা | ......................................................................<br>১৪. টেলিফোন/মোবাইল নম্বর |

১৫. বৈবাহিত অবস্থা : টিক (√) দিন [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন):

[ ] মহিলা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা

[ ] এতিম ও শারীরিক প্রতিবন্ধি [ ] উপজাতি [ ] আনসার ও গ্রাম প্রতিরক্ষা [ ] অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| ..............................<br>ক. গ্রাম/সড়ক/বাড়ী | ..............................<br>খ. ডাকঘর | ..............................<br>গ. উপজেলা/থানা | ......................<br>ঘ. জেলা |

ISO 9001:2015 Certified

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর "ডাটা এন্ট্রি অপারেটর" পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য আবেদন ফরম

(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্ব-হস্তে পূরণ করতে হবে)

**ফরম নং-পমাসপ-১১০-০০২ ভার্সন-০১**

এখানে পাসপোর্ট সাইজের এককপি রঙিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

**জেনারেল ম্যানেজার**
**ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি**
**বাংলাবাজার, ভোলা।**

| | |
|---|---|
| ১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- **স্মারক নং-** | **তারিখঃ-** ................ খ্রিঃ |
| ২. আবেদনকৃত পদের নামঃ.................................... (বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে) | ৩. পদের ধরনঃ স্থায়ী ভিত্তিক। |
| ................................................. ৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম | ............................................................ ৫. প্রকাশনার তারিখ |
| ........................................................... ৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) | ........................................................... (ইংরেজিতে বড় হাতের অক্ষরে) |
| ........................................................ ৭. জন্ম তারিখ (এস.এস.সি / সমমানের পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) | ........../........./................(দিন/মাস/বছর) ৮. বয়স (......... খ্রিঃ তারিখে) |
| ................................................... ৯. মাতার নাম | ........................................................... ১০. পিতার নাম |
| ................................................... ১১. ধর্ম | ............................................................. ১২. জাতীয়তা |
| ................................................. ১৩. নিজ জেলা | ............................................................. ১৪. টেলিফোন/মোবাইল নম্বর |

১৫. বৈবাহিত অবস্থা : টিক (√) দিন [ ] বিবাহিত [ ] অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন):

[ ] মহিলা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা [ ] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা

[ ] এতিম ও শারীরিক প্রতিবন্ধি [ ] উপজাতি [ ] আনসার ও গ্রাম প্রতিরক্ষা [ ] অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| ............................... ক. গ্রাম/সড়ক/বাড়ী | ............................... খ. ডাকঘর | ............................... গ. উপজেলা/থানা | ..................... ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:

| | | | |
|---|---|---|---|
| ..............................<br>ক. গ্রাম/সড়ক/বাড়ী | ..............................<br>খ. ডাকঘর | ..............................<br>গ. উপজেলা/থানা | ......................<br>ঘ. জেলা |

| | | |
|---|---|---|
| -------------------------------------<br>১৯. ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর | ............................................<br>ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল্য | ..................................<br>ইস্যুর তারিখ |

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ/বিভাগ/শ্রেণি | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেতে):

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):

| নাম, পদবি/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠোফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

২৪. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে):

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে। | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি মানতে বাধ্য থাকবো।

..................................
তারিখ

..................................................
আবেদনকারীর স্বাক্ষর

**বি. দ্র. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।**

এখানে পাসপোর্ট সাইজের এককপি রঙিন ছবি ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে ষ্টেপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি

বাংলাবাজার, ভোলা।

**লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার**

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

প্রার্থীর রোল নম্বর : ----------------------------------------------------------------------

পরীক্ষার তারিখ : ----------------------------------------------------------------------

পরীক্ষার সময় : ----------------------------------------------------------------------

পরীক্ষা কেন্দ্রের নাম : ----------------------------------------------------------------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর : ---------------------

**(প্রার্থী কর্তৃক পূরণীয়)**

পদের নাম : ----------------------------------------------------------------------

প্রার্থীর নাম : ----------------------------------------------------------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক :-----------------------------------------

----------------------------------------------------------------------------------------

----------------------------------------------------------------------------------------

# প্রার্থী / আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলিঃ

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনেরো) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ (ত্রিশ) মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারনে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠোফোন এবং ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষা হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবেনা।

০৫। চাকুরীর আবেদনপত্রের সাথে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরন করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---